

117

দৈনিক ইনকিলাব

তারিখ ২৫ JAN 1998 ...
পৃষ্ঠা ৩ কলাম ১

ল্যাবরেটরী স্কুলের প্রধান শিক্ষক নিয়োগে জরুরী হস্তক্ষেপ কামনা

দেশের শ্রেষ্ঠ বিদ্যাপিঠ ঢাকা গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুলের প্রধান শিক্ষক জনাব মমতাজুর রহমান বিগত ১৪ জানুয়ারী '৯৮ অবসর প্রস্তুতি ছুটিতে গেছেন। তার একদিন আগে গেছেন সহকারী প্রধান শিক্ষক জনাব সামসুল মতিন এবং অন্যতম সহকারী প্রধান শিক্ষক জনাব লুৎফর রহমানও গুরুতর অসুস্থতার দরুন চিকিৎসা ছুটি ভোগরত আছেন। তিনজন প্রশাসকের অনুপস্থিতির দরুন বিদ্যালয় প্রশাসনে চলছে বেহাল অবস্থা। শিক্ষক ও কর্মচারীরা এখনও বেতন-বোনাস পায়নি। নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ মাউশি অধিদপ্তর থেকে সময়মত পদক্ষেপ গ্রহণ করেছে। কিন্তু মহল বিশেষের বাণিজ্যিক স্বার্থে অনভিপ্রেত হস্তক্ষেপের মাধ্যমে তা কার্যকর করতে দেয়া হচ্ছে না। বিষয়টি সম্পর্কে গভীর উদ্বেগ প্রকাশ করে সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির মহাসচিব জনাব মোঃ নজরুল ইসলাম এক বিবৃতিতে মহল বিশেষের অবাঞ্ছিত হস্তক্ষেপের তীব্র সমালোচনা করেছেন। তিনি সরকারের ঘোষিত প্রশাসনিক স্বচ্ছতার স্বার্থে অবিলম্বে হস্তক্ষেপমুক্ত পরিবেশে দায়িত্ব পালনের সুযোগ সৃষ্টিসহ বিরাজমান পরিস্থিতির উত্তোরণে অবিলম্বে ল্যাবরেটরী স্কুলের প্রধান শিক্ষক নিয়োগের ব্যাপারে প্রধানমন্ত্রীর জরুরী হস্তক্ষেপ কামনা করেছেন। খবর বিজ্ঞপ্তির।